



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

সমাজকর্ম বিভাগে নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠান



১১ মার্চ ২০২০-বুধবার সমাজকর্ম সমিতি, সমাজকর্ম বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে ১৫ তম ব্যাচের নবীন বরণ এবং ৯ম ব্যাচের বিদায় সংবর্ধনা অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

সমাজকর্ম বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ আনোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. এস. এম. আনোয়ারা বেগম উপস্থিত ছিলেন। এসময় বিভাগের অন্যান্য শিক্ষক-শিক্ষিকা, নবীন এবং বিদায়ী শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

এছাড়াও সোশ্যাল ওয়ার্ক ডিবেটিং ক্লাবের আয়োজনে অনুষ্ঠিত ১ম আন্তঃসেমিস্টার বিতর্ক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন ও রানার আপ দলকে পুরস্কার বিতরণ করা হয়। উল্লেখ্য উক্ত প্রতিযোগিতায় ১২ টি দল অংশগ্রহণ করে, ধূমকেতু ১৫ দল চ্যাম্পিয়ন এবং দুর্জয় ১৩ দল রানার আপ হওয়ার গৌরব অর্জন করে।